


“সেনাবাহিনী মনোগ্রাম ব্যবহার করতে হবে”

নিলাম বিজ্ঞপ্তি  
স্টেশন সাপ্লাই ডিপো বরিশাল  
শেখ হাসিনা সেনানিবাস

এতদ্বারা সর্বসাধারণকে জানানো যাচ্ছে যে, প্রচুর সংখ্যক ব্যবহার যোগ্য/মেরামতযোগ্য/অকেজো খালি ড্রাম, ব্যারেল, পলিথিন/নাইলন/পাটের বস্তা, ক্যান/বোতল এবং অন্যান্য মোড়ক সামগ্রী স্টেশন সাপ্লাই ডিপো বরিশাল, শেখ হাসিনা সেনানিবাসে আগামী ২৭ মার্চ ১৪৩১ বাংলা/১০ ফেব্রুয়ারি ২০২৫ ইং তারিখ সকাল ১০৩০ ঘটিকায় প্রকাশ্য নিলামের মাধ্যমে বিক্রয় করা হবে। উক্ত নিলামে অংশগ্রহণের জন্য আগ্রহীদেরকে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে আহ্বান করা যাচ্ছেঃ

- ১। নিলামযোগ্য সামগ্রীর লট সমূহ ১০ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ সকাল ০৮০০ ঘটিকা হতে ১০০০ ঘটিকা পর্যন্ত নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিবর্গের পরিদর্শনের জন্য উন্মুক্ত রাখা হবে।
- ২। সকল নিলাম ডাককারীদেরকে নিলাম গুরুত্ব পূর্বে নিরাপত্তা জামানত (ফেরতযোগ্য) বাবদ অধিনায়ক, স্টেশন সাপ্লাই ডিপো বরিশাল, শেখ হাসিনা সেনানিবাস এর অনুকূলে ১,০০,০০০.০০ (টাকা এক লক্ষ মাত্র) টাকার ব্যাংক ড্রাফট/পে অর্ডার নিলাম পরিচালনা পর্ষদ সভাপতি/দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার নিকট জমা করতে হবে।
- ৩। প্রত্যেক লটের সর্বোচ্চ নিলাম ডাক দাতাকে তাৎক্ষণিকভাবে লটের নিলাম মূল্যের ২৫% নিলাম পরিচালনা পর্ষদ সভাপতি/দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার নিকট জমা করতে হবে।
- ৪। প্রত্যেক লটের সর্বোচ্চ নিলাম ডাক দাতাকে তাৎক্ষণিকভাবে লটের আয়কর বাবদ ৫% এবং মূল্য সংযোজন কর (ভ্যাট) বাবদ ১৫% নিলামের স্থলে নিলাম পরিচালনাকারীর নিকট জমা করতে হবে। এখানে উল্লেখ্য যে, নিলাম কার্য সম্পন্ন হবার পর সরকারি আদেশের কোন পরিবর্তন অর্থাৎ আয়কর বা ভ্যাট সংক্রান্ত নির্দেশের পরিবর্তন করা হলে তা নিলাম ডাক গ্রহণকারীকে অনুসরণ করতে হবে।
- ৫। কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদনের পর অবশিষ্ট ৭৫% সমুদয় মূল্য পরবর্তী ০৬ (ছয়) কার্য দিবসের মধ্যে জমা পূর্বক নিজ খরচে নিলামকৃত মালামাল ডেলিভারি নিতে হবে। অন্যথায় নিলামের স্থলে গ্রহণকৃত নিলাম মূল্যের ২৫%, আয়কর ৫% এবং মূল্য সংযোজন কর (ভ্যাট) ১৫% বাবদ জমাকৃত সমুদয় অর্থ বাজেয়াপ্ত করা হবে।
- ৬। অন্যান্য শর্ত/নিয়মাবলী নিলামের স্থলে নোটিশ আকারে জানানো হবে। নিলাম কার্য পরিচালনার জন্য গঠিত বোর্ড অব অফিসার্স কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন লটের নিলাম দর গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতা রাখেন। নিলাম কার্য সম্পন্ন হবার পর সেনাসদরের অনুমোদন সাপেক্ষে নিলামকারীকে মালামাল হস্তান্তর করা হবে।
- ৭। নিলামে অংশগ্রহণকারী ব্যক্তি/প্রতিষ্ঠানকে শেখ হাসিনা সেনানিবাসে প্রবেশকালে এমপি চেকপোস্টে পত্রিকায় প্রকাশিত নিলাম বিজ্ঞপ্তি কর্তব্যরত মিলিটারি পুলিশকে প্রদর্শন করতে হবে। অবাঞ্ছিত/কালো তালিকাভুক্ত প্রতিষ্ঠান/ব্যক্তিবর্গের সেনানিবাসে প্রবেশ সম্পূর্ণরূপে নিষিদ্ধ।



অধিনায়ক

স্টেশন সাপ্লাই ডিপো বরিশাল

শেখ হাসিনা সেনানিবাস